# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৪৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৪৬]

পর্ব-১৮: ভয়কালীন সালাত (كتاب صلاة الخوف)

আরবী

أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَسَنِ، عَنْ حَجَّاجِ بْنِ مُحَمَّدٍ، عَنْ شُعْبَةَ، عَنِ الْحَكَمِ، عَنْ يَزِيدَ الْفَقِيرِ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى بِهِمْ صَلاَةَ الْخَوْفِ فَقَامَ صَفٌّ بَيْنَ يَدَيْهِ وَصَفٌّ خَلْفَهُ صَلَّى بِالَّذِينَ خَلْفَهُ رَكْعَةً وَسَجْدَتَيْنِ، ثُمَّ تَقَدَّمَ هَؤُلاَءِ حَتَّى قَامُوا فِي مَقَامِ أَصْحَابِهِمْ، وَجَاءَ أُولَئِكَ فَقَامُوا مَقَامَ هَؤُلاَءِ، وَصَلَّى بِهِمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَةً وَسَجْدَتَيْنِ ثُمَّ سَلَّمَ، فَكَانَتْ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَتَانِ وَلَهُمْ رَكْعَةٌ .

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ٣١٤٢)، مسند احمد ٣/٢٩٨ (صحيح الإسناد)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1546 - صحيح الإسناد

বাংলা

১৫৪৫. ইব্রাহীম ইবনু হাসান (রহ.) ..... জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত, রসূলুল্লাহ (সা.) তাদের নিয়ে ভয়কালীন সালাত আদায় করলেন। তখন তাঁর সামনে এক কাতার এবং তাঁর পেছনে অন্য আর এক কাতার দাঁড়িয়ে গেল। তিনি যারা তার পেছনে ছিল তাদের নিয়ে একটি রুকূ এবং দু'টি সাজদাহ্ আদায় করলেন। অতঃপর এরা সামনে এসে গেল এবং তাঁদের সাথীদের স্থানে দাঁড়িয়ে গেল। আর তারা এসে গেল এবং এদের স্থানে দাঁড়িয়ে গেল। রসূলুল্লাহ (সা.) তাঁদের নিয়েও একটি রুকূ এবং দু'টি সাজদাহ্ করলেন। অতঃপর সালাম ফিরালেন। এভাবে নবী (সা.) -এর হলো দু' রাকআত এবং তাদের হলো এক এক রাকআত।

## English

It was narrated from Jabir bin 'Abdullah that: The Messenger of Allah (ﷺ) led them in offering the fear prayer. One row stood in front of him and another row stood behind him. He led those who were behind in prayer, bowing once and prostrating twice, then they moved forward until they took the place of their companions, and the others came and took their place, and the Messenger of Allah (ﷺ) led them in prayer, bowing once and prostrating twice, then he said the taslim, so the Prophet (ﷺ) had prayed two rak'ahs and they had prayed one.

## ফুটনোট

সহীহ: নাসায়ী’র “সুনানুল কুবরা" ১৯৩৩, মুসনাদে আহমাদ ১৪২১৬, সহীহ ইবনু খুযায়মাহ ১৩৪৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90041

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন